ভোরের কাগজ

তারিখ FEB. 15 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

52

# 'বেকার জনগোষ্ঠীকে কম্পিউটারে শিক্ষিত করলে তাদের কাজের সুযোগ হবে'

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** 'কম্পিউটার শিক্ষা এবং কাজের সুযোগ' শীর্ষক সেমিনারে বক্তারা বলেছেন, দেশের বেকার জনগোষ্ঠীকে কম্পিউটার শিক্ষায় শিক্ষিত করলে দেশে-বিদেশে তাদের কাজের সুযোগ সৃষ্টি হবে।

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক সেমিনারে বক্তারা বলেন, বিশ্বব্যাপী খুব দ্রুত কম্পিউটারের ব্যবহার বেড়ে যাচ্ছে। শুধু তাই নয় এখনই যথাযথ উদ্যোগ গ্রহণ করলে সফটওয়্যারের বিশ্ববাজারে প্রবেশ করে দেশের জন্য অর্থনৈতিক সমৃদ্ধিও বয়ে আনা সম্ভব।

'ঢাকা বিশ্ববিদ্যালয় স্টুডেন্টস কম্পিউটার এসোসিয়েশন'-এর উদ্যোগে এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী লে. জে. (অব) মোঃ নুরুদ্দিন খান। বিশেষ অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, র ই মোঃ আমিনুর রশিদ, অধ্যাপক এম লুৎফর রহমান, আফতাবুল ইসলাম ছাত্রনেতা বাহাদুর বেপারী। সেমিনারে মূল আলোচনায় অংশ নেন ড. এম আলমগীর হোসেন। সভাপতিত্ব করেন মোঃ খায়রুজ্জামান।

উপাচার্য এ কে আজাদ চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগামী শতাব্দীর উপযোগী শিক্ষার নিমিত্তে অচিরেই সকল ছাত্রকে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার জ্ঞান দেওয়া হবে।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, দেশের নীতি-নির্ধারকরা আগে মনে করতেন দেশে শ্রম সস্তা তাই কম্পিউটার প্রসারের প্রয়োজন নেই। বর্তমান নীতি-নির্ধারকরা সে ধারণা পোষণ করেন না। তিনি বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্রদের জন্য এক বছরের কম্পিউটার শিক্ষা ব্যবস্থার দাবি জানান।

মূল আলোচনায় কম্পিউটার সায়েন্স বিভাগের চেয়ারম্যান মোঃ আলমগীর হোসেন বলেন, বর্তমানে ছাত্রদের যে কম্পিউটার শিক্ষা দেওয়া হয় তা কার্যক্ষেত্রে বাস্তবসম্মত নয়।